দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 12 NOV 1988
পৃষ্ঠা ৪ কলাম ৬

120
3

## প্রেসিডেন্ট এরশাদ

**হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ উদ্বোধন**

বাঁশেরহাট (দিনাজপুর) থেকে বাসস জানায়, প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ বন্যার আগে ও পরে চাষাবাদ উপযোগী নতুন জাতের শস্য উন্নয়নের জন্য কৃষি বিজ্ঞানী ও ছাত্রদের প্রতি তার আহবান পুনর্ব্যক্ত করেছেন।

আজ দিনাজপুর শহর থেকে ১০ মাইল উত্তরে বাঁশের হাটে হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ উদ্বোধনকালে প্রেসিডেন্ট বলেন, ভবিষ্যতে সম্ভাব্য বন্যা মোকাবেলায় আমাদের নতুন পন্থা ও নতুন ধরনের কৃষি প্রযুক্তি উদ্ভাবন করতে হবে।

তিনি বলেন, হাজী মোহাম্মদ দানেশ,গরীব ও ভূমিহীন কৃষকদের ভাগ্যোন্নয়নে আজীবন সংগ্রাম করে গেছেন। আর তাই তাঁর নামানুসারে কলেজটির নামকরণ করে তাঁকে যথাযোগ্য সম্মান প্রদর্শন করা হয়েছে এবং সরকার তথা সমাজ তাঁর অবদানের স্বীকৃতি দিয়েছে।

হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ দেশের তৃতীয় কৃষি কলেজ। গত বছর দিনাজপুরে এক জনসমাবেশে প্রেসিডেন্ট এরশাদ এলাকায় একটি কৃষি কলেজ প্রতিষ্ঠার ঘোষণা দেন। সে অনুযায়ী দেড় বছর সময়ের মধ্যে ঢাকা-দিনাজপুর মহাসড়কের পাশে বাঁশেরহাট এলাকায় ৫০ একর ভূমির উপর এটি প্রতিষ্ঠিত হয়।

অনুষ্ঠানে কৃষিমন্ত্রী মাহমুদুল হাসান, সমাজ কল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রী রেজওয়ানুল হক চৌধুরী, কৃষি সচিব এম, এ, সাঈদ এবং বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠানের মহাপরিচালক মোহাম্মদ হোসেন মণ্ডল বক্তৃতা করেন।